

## ওয়ান ব্যাংকের উইমেনস প্লাটিনাম ভিসা ক্রেডিট কার্ড ‘অনন্যা’ উদ্বোধন

- A Monitor Desk Report

Date: 13 May, 2025



ঢাকাঃ ওয়ান ব্যাংক পিএলসি নারী গ্রাহকদের জন্য নিয়ার ফিন্ড কমিউনিকেশন (এনএফসি) প্রযুক্তিযুক্ত ‘অনন্যা’ উইমেনস প্লাটিনাম ভিসা ক্রেডিট কার্ড চালু করেছে।

এ কার্ডের মাধ্যমে দেশ-বিদেশে নির্দিষ্ট কন্ট্যাক্টলেস পেমেন্ট টার্মিনালে ক্রেডিট কার্ড ট্যাপ করে লেনদেন করা যাবে।

এ উপলক্ষে ব্যাংকের প্রধান কার্যালয়ে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। এ সময় পরিচালক অনন্যা দাশ গুপ্ত কেক কেটে ‘অনন্যা’ উইমেনস প্লাটিনাম ভিসা ক্রেডিট কার্ডের উদ্বোধন ঘোষণা করেন।

অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন পরিচালনা পর্ষদের চেয়ারম্যান এএসএম শহীদুল্লাহ খান।

এছাড়া অন্যদের মধ্যে ছিলেন ব্যাংকের নির্বাহী কমিটির চেয়ারম্যান জহর উল্লাহ ও এমডি (চলতি দায়িত্ব) শাব্বির আহমেদসহ উচ্চপদস্থ কর্মকর্তারা।

-B